**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-06-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) সারা দেশের সঙ্গে আজ রাজ্যেও দ্বাদশ আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন করা হয় ।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, নিয়মিত যোগ অভ্যাস শরীর ও মনের সমস্ত ধরণের ক্লান্তি, অবসাদ দূর করতে মুখ্য ভূমিকা নিতে পারে।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, আদিবাসী জনগোষ্ঠীর শিক্ষাগত উন্নয়নের জন্য সচেষ্ট হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ।**

**(৪) বিশ্বকাপ ফুটবলের ৩৩তম ম্যাচে এসে গেল শততম গোল, যা বিগত ৬৮ বছরের মধ্যে গড়ল রেকর্ড ।**

*******************************************************

## IYD-PM:

আজ আন্তর্জাতিক যোগ দিবস। 'সুস্থ্ বার্ধক্যের জন্য যোগ' এই ভাবনায় আজ ভারতসহ সারা বিশ্বে দ্বাদশ আন্তর্জাতিক যোগ দিবস পালন করা হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কলকাতার রেড রোড থেকে দ্বাদশ আন্তর্জাতিক যোগ দিবস পালনে জাতিকে নেতৃত্ব দেন, যেখানে হাজার হাজার মানুষ তাঁর সঙ্গে সকালের এই যোগব্যায়ামে অংশ গ্রহন করেন। প্রধানমন্ত্রী বলেন, যোগ শুধু একটি শারীরিক ব্যায়াম নয়, এটি কোনো বয়সের মানুষের জন্য সীমাবদ্ধ নয়, এটি মানবাত্মার এক অভিব্যক্তি। যোগ আমাদের ভারসাম্যপূর্ণ জীবনযাপন করতে

এবং মানসিক স্বাস্থ্যের মাধ্যমে শারীরিক সুস্থতার পথ খুঁজে পেতে সাহায্য করে।

######## Byte PM ########

সংস্কৃতি মন্ত্রক, ভারতীয় প্রত্নতাত্ত্বিক জরিপ বিভাগের সহযোগিতায়, ভারতের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যকে এর চিরস্থায়ী যোগ ঐতিহ্যের সাথে সংযুক্ত করে ১০০টি গুরুত্বপূর্ণ স্থানে বিশেষ যোগ কর্মসূচির আয়োজন করা হয়।

***************************

**IYD-Govornor**:

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ চড়িলামের ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ী উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে সিপাহীজলা জেলাভিত্তিক আন্তর্জাতিক যোগ দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন| সিপাহীজলা জেলা প্রশাসন এবং জেলা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয় আয়োজিত অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দূরদর্শী নেতৃত্ব ও অক্লান্ত প্রচেষ্টার ফলেই আন্তর্জাতিক যোগ দিবস বাস্তবে রূপ পেয়েছে। এর উদ্দেশ্য কেবল যোগব্যায়ামকে জনপ্রিয় করা নয়, বরং সুশৃঙ্খল জীবনযাপন গড়ে তোলার পাশাপাশি ভারতের সুপ্রাচীন ঐতিহ্যের এক অমূল্য সম্পদকে বিশ্বের সামনে তুলে ধরা। অনুষ্ঠানে বক্তব্য রাখেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল প্রমুখ।

***************************

**CM-Blood Donation:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা বলেছেন, বর্তমানে রাজ্যে স্বেচ্ছায় রক্তদান এক সামাজিক আন্দোলনের রূপ লাভ করেছে। আজ আগরতলা পুর নিগমের ৩৯ নম্বর ওয়ার্ডের কমিউনিটি হলে আয়োজিত এক রক্তদান শিবিরের উদ্বোধন

করে তিনি একথা বলেন। তিনি বলেন, রক্তদান হচ্ছে জীবন রক্ষার এক মহান ব্রত। এটি মানবিক মূল্যবোধের বিকাশ ঘটায় এবং মানুষের মধ্যে সেবার মানসিকতা জাগ্রত করে।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার৷

***************************

**IYD-State:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ সকালে আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণের প্রদর্শনী হলে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে এবং রাজ্য আয়ুষ মিশনের সহযোগিতায় আয়োজিত যোগ দিবসের রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করেন। মুখ্যমন্ত্রী বলেন, নিয়মিত যোগ অভ্যাস শরীর ও মনের সমস্ত ধরণের ক্লান্তি, অবসাদ দূর করতে মুখ্য ভূমিকা নিতে পারে। এরজন্য সবাইকে যোগব্যায়াম চর্চা করা উচিত।

####### Byte-CM ######

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, বিধায়ক মিনারাণী সরকার প্রমুখ| অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের যোগব্যায়ামের বিভিন্ন কৌশল প্রদর্শন করা হয় এবং সুস্থ জীবনযাপনের জন্য যোগচর্চার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়।

এদিকে, ত্রিপুরা যোগা অ্যাসোসিয়েশনের উদ্যোগে আজ বড়জলা বৃদ্ধাশ্রমে ১২তম আন্তর্জাতিক যোগা দিবস পালন করা হয়। অনুষ্ঠানে বৃদ্ধাশ্রমের আবাসিকদের নিয়ে যোগাভ্যাস ও স্বাস্থ্য সচেতনতা কর্মসূচিতে অংশ নেন প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক।

আগরতলায় বিজয় কুমার স্কুলে যোগ দিবস উদযাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার।

***************************

**IYD- Mohonpur :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ আজ মোহনপুরে মহকুমা প্রশাসন এবং যুব ও ক্রীড়া বিষয়ক দপ্তরের উদ্যোগে জওহর নবোদয় বিদ্যালয়ে আয়োজিত আন্তর্জাতিক যোগ দিবস অনুষ্ঠানের উদ্বোধন করেন|

প্রদেশ সভাপতি তথা বিধায়ক অভিষেক দেব রায় আগরতলার এনএসআরসিসি অডিটোরিয়ামে আয়োজিত যোগ কর্মসূচিতে অংশগ্রহণ করেন।

***************************

**Yoga at CBC.**

কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রকের অধীনস্থ সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন (সিবিসি)-এর আগরতলা ফিল্ড অফিসের উদ্যোগে আজ এ.ডি.নগর বেলতলিস্থিত ত্রিবেণী সংঘ ক্লাবে ১২তম আন্তর্জাতিক যোগ দিবস পালিত হয়। এ বছরের মূল ভাবনা সুস্থ বার্ধক্যের জন্য যোগ-র ওপর ভিত্তি করে আয়োজিত এই অনুষ্ঠানে স্থানীয় বাসিন্দা ও ক্লাবের সদস্যরা ব্যাপক উৎসাহের সাথে অংশ নেন।

***************************

**IYD-Khowai:**

খোয়াই জেলা ক্রীড়া ও যুব বিষয়ক দপ্তরের উদ্যোগে সুভাষ পার্ক কালীবাড়ি মন্দির প্রাঙ্গণে জেলা ভিত্তিক যোগ উৎসব অনুষ্ঠিত হয় উপস্থিত ছিলেন পর্যটন দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী, জেলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায়, খোয়াই জেলার জেলাশাসক রজত পান্থ, জেলা পুলিশ সুপার ডি.জগদীশ্বর রেড্ডি প্রমুখ।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

***************************

**President-Convocation:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, শিক্ষার্থীদের মধ্যে সৃজনশীল চিন্তাভাবনা, বৈজ্ঞানিক মানসিকতা এবং উদ্যোক্তা মনোভাব গড়ে তোলা উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলোর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দায়িত্ব। আজ মধ্যপ্রদেশের জব্বলপুরে রানি দুর্গাবতী বিশ্ববিদ্যালয়ের ৩৬-তম সমাবর্তন অনুষ্ঠানে তিনি একথা বলেন| তিনি শিক্ষার্থীদের পরামর্শ দেন, তারা যেন তাদের চারপাশের সুবিধাবঞ্চিত ও গ্রামীণ জনগোষ্ঠীর সমস্যাগুলো অনুধাবন করে, তাদের প্রয়োজন অনুযায়ী সমাধান তৈরি করে, তাদের ক্ষমতায়ন করে এবং উন্নয়নের মূলধারায় তাদের অন্তর্ভুক্ত করতে অবদান রাখে।

***************************

**Award-Unakoti:**

ঊনকোটি জেলা প্রশাসন গতকাল নয়াদিল্লি'তে ১০৮ তম সামিটের মঞ্চে "স্কচ পুরষ্কার" পেয়েছে। ঊনকোটি জেলার জেলা শাসক মেঘা জৈন ও সদ্যবিদায়ী জেলাশাসক ডক্টর তমাল মজুমদার এর হাতে এই গৌরবময় পুরষ্কার তুলে দেওয়া হয়। জানিয়েছেন, ঊনকোটি জেলার অতিরিক্ত জেলা শাসক সাগর শোভন দেবনাথ। স্কচ পুরষ্কারটি একটি অ-সামরিক পুরষ্কার। উল্লেখ্য যে, গতবছর জুলাই মাসে ঊনকোটি জেলা প্রশাসন থেকে "গাঁও কো আপনাও বদলাব লাও" এই ভাবনায় উদ্ভাবনী কর্মসূচি সম্পর্ক চালু হয়েছিল। গ্ৰামীণ জনগণ ও প্রশাসনের মধ্যে সেতু হিসাবে এই কর্মসূচি চালু করা হয়েছিল। এই কর্মসূচির সফলতার নিরিখে পুরষ্কার পায় ঊনকোটি জেলা।

***************************

**PM Indian Navy:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলকাতায় সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি ভারতীয় নৌবাহিনীর কাজের জন্য তিনটি জাহাজ- 'আইএনএস দুনাগিরি', 'আইএনএস সংশোধক' এবং 'আইএনএস অগ্রয়' দেশবাসীর উদ্দেশে উৎসর্গ করেছেন। নৌবাহিনীর 'ওয়ারশিপ ডিজাইন ব্যুরো'-র নকশা করা এই যুদ্ধজাহাজগুলি নির্মাণ করেছে 'গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স'।

এই যুদ্ধজাহাজগুলি নৌসেনার যুদ্ধকালীন তৎপরতা, হাইড্রোগ্রাফিক সার্ভে এবং সাবমেরিন-প্রতিরোধী যুদ্ধ ক্ষমতাকে আরও শক্তিশালী করবে।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, দেশীয় নকশা ও প্রযুক্তিতে নির্মিত জাহাজগুলি ভারতের আত্মনির্ভরতার প্রতীক। ভারত আজ সমুদ্র পথে তার অবস্থানকে আরও শক্তিশালী করে তুলেছে। সাগরমালা কর্মসূচীর আওতায় এই উদ্দেশ্যে দেশের বিভিন্ন বন্দরে আধুনিকীকরণের কাজ চলছে। নদীপথে পরিবহনকেও শক্তিশালী করে তোলা হচ্ছে।

**************************

**FIFA World Cup:**

ফুটবল বিশ্বকাপের ইতিহাসে ১000তম ম্যাচটি আজ জাপান বনাম তিউনিশিয়ার মধ্যে খেলা হয়। জাপান ৪-0 গোলের বড় ব্যবধানে হারিয়েছে তিউনিসিয়াকে। এর পাশাপাশি চলতি বিশ্বকাপের ১00তম গোলটিও এসে গেল নেদারল্যান্ডস বনাম সুইডেন ম্যাচে। নেদারল্যান্ডসের খেলোয়াড় কোডি গাকপো এ বারের বিশ্বকাপের শততম গোলটি করেছেন। অন্যদিকে, ইকুয়েডর ও কুরাসাওয়ের মধ্যকার ম্যাচ গোলশূন্য ড্রয়ে শেষ হয়েছে।

ভারতীয় সময় আজ রাত সাড়ে নটায় স্পেন মুখোমুখি হবে সৌদি আরবের। এরপর রাত সাড়ে বারোটায় বেলজিয়াম খেলবে ইরানের বিরুদ্ধে। আগামীকাল ভোর সাড়ে তিনটেয় উরুগুয়ের প্রতিপক্ষ কাবো ভার্দে। আর সকাল সাড়ে ছটায় নিউজিল্যান্ড মুখোমুখি হবে মিশরের।

**************************

**Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লীগ ফুটবল প্রতিযোগিতায় আজ ২টি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে প্রথম খেলায় ইয়ুথ ক্লাব ৬-0 গোলে সবুজ সংঘকে পরাজিত করে। পরে একই মাঠে TTAADC ৯-১ গোলে পান্থুই স্পোর্টিং ক্লাবকে হারিয়ে দেয়।

**************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ, গোমতী, উত্তর ও ধলাই জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ডিগ্রি সেলসিয়াসের

কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৪ ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ১১.২ মিলিমিটার।

***************************

***************************